

# ব্র্যাক ইউনিভার্সিটিতে 'ওপেন অ্যাকসেস উইক' উদযাপিত

শিক্ষক-শিক্ষার্থীরা পেয়েছেন 'ওপেন অ্যাকসেস পাবলিকেশন অ্যাওয়ার্ড'।



নিজস্ব প্রতিবেদক, বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম

Published: 7 Nov 2023, 07:02 PM

ব্র্যাক ইউনিভার্সিটির আয়েশা আবেদ লাইব্রেরি ও ওপেন সোসাইটি নেটওয়ার্কের (ওএসইউএন) যৌথ উদ্যোগে ওপেন অ্যাকসেস উইক উদযাপিত হয়েছে।

গবেষণাপত্রে ওপেন অ্যাকসেস সুবিধা সম্পর্কে সচেতনতা ছড়িয়ে দিতে গত ২৭ অক্টোবর থেকে ৪ নভেম্বর পর্যন্ত এ আয়োজন উদযাপন করা হয় বলে এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

ব্র্যাক ইউনিভার্সিটি জানায়, আয়োজনের অংশ হিসেবে ‘এক্সপ্লোরিং দ্য ইমপ্যাক্ট অব ওপেন অ্যাকসেস পাবলিশিং অন রিসার্চ ডিজিটালিটি অ্যান্ড স্কলারলি কমিউনিকেশন’ শীর্ষক ওয়েবিনার আয়োজন করে আয়েশা আবেদ লাইব্রেরি। ব্র্যাক ইউনিভার্সিটির শিক্ষক-শিক্ষার্থীদের দেওয়া হয় ‘ওপেন অ্যাকসেস পাবলিকেশন অ্যাওয়ার্ড’।

পুরস্কৃতরা হলেন ব্র্যাক জেমস পি গ্রান্ট স্কুল অব পাবলিক হেলথের অধ্যাপক কাওসার আফসানা, ডিপার্টমেন্ট অব ইংলিশ অ্যান্ড হিউম্যানিটিজের শিক্ষার্থী হালিমা হাসিন, ব্র্যাক বিজনেস স্কুলের শিক্ষার্থী লিয়াকত আলী খান, ব্র্যাক বিজনেস স্কুলের শিক্ষার্থী নাবিহা আজাদ নুর।

ব্র্যাক ইউনিভার্সিটির ভারপ্রাপ্ত ভাইস-চ্যান্সেলর অধ্যাপক সৈয়দ মাহফুজুল আজিজ বলেন, “ওপেন সোর্স অ্যাপ্লিকেশনের মাধ্যমে বিশ্ববিদ্যালয়সমূহ বিশ্বকে অন্বেষণ করার নতুন সুযোগ খুঁজে পেয়েছে। এগুলো বিনামূল্যে পাওয়া যায়, এসব অ্যাপ্লিকেশন শক্তিশালী এবং এগুলোকে ইচ্ছানুযায়ী পরিবর্তন করা যায়।”